

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭৭-আইন/২০২৫/৩০৫-মুসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক এ প্রদত্ত ক্ষমতাবলে, ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৬-আইন/ ২০১৯/৪৩-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত-

- (ক) শিরনামা সংখ্যা S০১৫ ও সেবার কোড S০১৫.২০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 207” এন্ড্রিসমূহের পরিবর্তে “কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৪৩” এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে;
- (খ) শিরনামা সংখ্যা S০৩০ ও সেবার কোড S০৩০.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “সুযোগ-সুবিধা প্রদানের” শব্দগুলির পর “এবং স্কীন টেস্ট, স্কীন কেয়ার, স্কীনের দাগ বা স্পট অপসারণের” শব্দগুলি ও চিহ্নগুলি সন্নিবেশিত হইবে;
- (গ) শিরনামা সংখ্যা S০৩৫ ও সেবার কোড S০৩৫.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“শিপিং এজেন্ট:

ব্যাখ্যা।- “শিপিং এজেন্ট” অর্থ “কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২ এর উপ-ধারা (৪৩) এ সংজ্ঞায়িত যানবাহন এর আগমন, অবস্থান ও প্রস্থানে সংশ্লিষ্ট ব্যবসায় পরিচালনাকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং কোনো বিদেশি শিপিং লাইনের স্থানীয় এজেন্টও ইহার অন্তর্ভুক্ত হইবে।”;

- (ঘ) শিরনামা সংখ্যা S০৩৭ ও সেবার কোড S০৩৭.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“যোগানদার (Procurement Provider):

ব্যাখ্যা।- “যোগানদার” অর্থ কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে কোনো উৎসে কর্তনকারী সত্তার নিকট পণের বিনিময়ে আইনের প্রথম তফসিল দ্বারা অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ ব্যতীত অন্য যে কোনো পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।”;

- (ঙ) শিরনামা সংখ্যা S০৪৮ ও সেবার কোড S০৪৮.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“পরিবহন ঠিকাদার:

ব্যাখ্যা।- “পরিবহন ঠিকাদার” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে কোনো উৎসে কর্তনকারী সত্তার নিকট (তালিকাভুক্ত হউক বা না হউক), পণের বিনিময়ে যে কোনো পণ্য পরিবহনপূর্বক গন্তব্যস্থলে পৌঁছানোর দায়িত্ব পালন করেন।”;

- (চ) শিরনামা সংখ্যা S০৪৯ ও সেবার কোড S০৪৯.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“যানবাহন ভাড়া প্রদানকারী:

ব্যাখ্যা।- “যানবাহন ভাড়া প্রদানকারী” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে কোনো উৎসে কর্তনকারী সত্তার নিকট, কার (ট্যাক্সিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, বাস, কোস্টার, মিনিবাস, ট্রেন, লঞ্চ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যে কোনো নামের বা ধরনের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন।”;

- (ছ) শিরনামা সংখ্যা S০৫৩ ও সেবার কোড S০৫৩.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “।” চিহ্নের পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“তবে শর্ত থাকে যে বেতন-ভাতার বিনিময়ে নিয়মিতভাবে নিযুক্ত কোনো পরিচালক উক্ত প্রতিষ্ঠানের কর্মচারী হিসেবে বিবেচিত হইবে বিধায় তাঁহাকে প্রদত্ত বেতন-ভাতা উহার অন্তর্ভুক্ত হইবে না।”;

- (জ) শিরনামা সংখ্যা S০৬০ ও সেবার কোড S০৬০.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“নিলামকৃত পণ্যের ক্রেতা:

ব্যাখ্যা।- “নিলামকৃত পণ্যের ক্রেতা” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অর্থের বিনিময়ে নিলাম ডাকের মাধ্যমে বা দরপত্র দ্বারা বা দরপত্র ছাড়া কোনো উৎসে কর্তনকারী সত্তার স্থাবর বা অস্থাবর সম্পত্তি বাণিজ্যিক বা ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে ক্রয় করিয়া থাকেন।”;

- (ঝ) শিরনামা সংখ্যা S০৬১ ও সেবার কোড S০৬১.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান:

ব্যাখ্যা।- “ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান” অর্থ এমন কোনো ব্যাংক বা আর্থিক সংস্থা বা প্রতিষ্ঠান যাহারা তদকর্তৃক নির্ধারিত ফি বা চার্জের বিনিময়ে, আর্থিক লেনদেনের সুবিধার্থে, ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড ইস্যু বা নবায়ন করিয়া থাকে।”;

- (ঞ) শিরনামা সংখ্যা S০৬৫ ও সেবার কোড S০৬৫.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ভবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা:

ব্যাখ্যা।- “ভবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা” অর্থ পণ্যের বিনিময়ে কোনো উৎসে কর্তনকারী সত্তার ভবন, মেঝে ও অংগন পরিস্কার, রক্ষণাবেক্ষণ, ফুল বা ফুলের গাছ দিয়ে সৌন্দর্যবর্ধন ইত্যাদি কার্যে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।”;

- (ট) শিরনামা সংখ্যা S০৭২ ও সেবার কোড S০৭২.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান:

ব্যাখ্যা।- “মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান” অর্থ কোনো উৎসে কর্তনকারী সত্তার নিকট সুনির্দিষ্ট কাজ সম্পাদনের বা সামগ্রিক ব্যবস্থাপনার লক্ষ্যে চুক্তির ভিত্তিতে পণের বিনিময়ে দক্ষ, অদক্ষ জনশক্তি সরবরাহ বা দাপ্তরিক সেবা প্রদানকারী কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং শ্রম হ্যান্ডলিং বা শ্রমিক ঠিকাদার প্রতিষ্ঠান বা শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।”;

- (ঠ) শিরনামা সংখ্যা S০৮০ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“S০৮১ S০৮১.০০ টাওয়ার শেয়ারিং সেবা প্রদানকারী:

ব্যাখ্যা।- “টাওয়ার শেয়ারিং সেবা প্রদানকারী” অর্থ এমন কোনো নিবন্ধিত সেবা প্রদানকারী যিনি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর আওতায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক টাওয়ার শেয়ারিং (Telecom Facility Sharing) অথবা অনুরূপ সেবা প্রদানের জন্য যথাযথ লাইসেন্স প্রাপ্ত হইয়া পণের বিনিময়ে তৎসংশ্লিষ্ট সেবা প্রদান করিয়া থাকেন।”;

S০৮২ S০৮২.০০ ওটিটি প্ল্যাটফর্ম:

ব্যাখ্যা।- “ওটিটি প্ল্যাটফর্ম” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক প্রদত্ত ডিজিটাল মাধ্যম বা সেবা, যাহারা ইন্টারনেট বা সমজাতীয় প্রযুক্তি ব্যবহার করিয়া গ্রাহকদের মধ্যে ডিজিটাল কনটেন্ট সম্প্রচার যেমন: অনুষ্ঠান, নাটক, সিনেমা, ডকুমেন্টারি, ফিকশন, নন-ফিকশন, স্পোর্টস, ডকুফিকশন, ইনফোটেইনমেন্ট, বিজ্ঞাপন, ভিডিও অন ডিম্যান্ড, বাংলাদেশের অভ্যন্তরে সম্প্রচারের অথবা প্রদর্শনের জন্য অনুমতি প্রাপ্ত টেলিভিশন

চ্যানেলের অপরিবর্তিত কনটেন্ট (সংবাদ ও
টকশো ব্যতীত) এর সরাসরি সম্প্রচার বা
ধারণকৃত কনটেন্ট সেবা ইত্যাদি প্রদান করিয়া
থাকেন। ”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোহাঃ মসিউর রহমান)
প্রথম সচিব (মূসক নীতি)

Downloaded from www.taxvatpoint.com